গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাজেট শাখা
www.mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৩.৯৯.০০৪.২২-০৯ | ২৫/০১/২০২৩ খ্রিঃ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয় টিম" নিম্নোক্তভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

| ক্র/নং | পদবী | টেলিফোন | ই-মেইল |
|---|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)- টিম প্রধান | ৯৫১৫৩৫৫ | addsecretary@mole.gov.bd |
| ২ | যুগ্মসচিব (বাজেট অধিশাখা)- ফোকাল পয়েন্ট | ৯৫১৫৫৩২ | jsbudget@mole.gov.bd |
| ৩ | উপসচিব (শ্রম)- সদস্য | ৪৭১১৯৫৪৪ | section5@mole.gov.bd |
| ৪ | সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (পরিকল্পনা)- সদস্য | ২২৩৩৯০৯৫২ | hasanabbasi47@gmail.com |
| ৫ | সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (প্রশাসন)- সদস্য | ৯৫১৪০৭৩ | sasadmin@mole.gov.bd |
| ৬ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি সেল)- সদস্য | ৫৫১০০৮৪৪ | ame@mole.gov.bd |
| ৭ | উপসচিব (বাজেট)- সদস্য-সচিব | ২২৩৩৫৫৫৭৯ | section3@mole.gov.bd |

টিমের কার্যপরিধি (TOR):

(ক) খসড়া এপিএ প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা;

(খ) প্রতি দুই মাসে একবার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা;

(গ) এপিএ'র সংশোধন (যদি থাকে) প্রস্তাব উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ;

(ঘ) প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;

(ঙ) সূচক অনুযায়ী অর্জনের প্রমানক সংরক্ষণ;

(চ) বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে উর্ধ্বতন অফিসে প্রেরণ;

(ছ) এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা;

(জ) আওতাধীন অফিসের (যদি থাকে) এপিএ চূড়ান্ত করা, এপিএ স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন, অগ্রগতির বিষয়ে ফলাবর্তক প্রদান এবং চূড়ান্ত মূল্যায়ন করা;

(ঝ) এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;

(ঞ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা অধীনস্থ শাখার সহযোগীতায় এপিএ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ সম্পাদন করবেন, এপিএএমএস সফটওয়্যারের পাসওয়ার্ড ও ইউজার আইডি সংরক্ষণ করবেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ থাকার বিষয়টি নিশ্চিত করবেন।

২। এ মন্ত্রণালয়ের গত ২৩/০৯/২০২১ খ্রিঃ তারিখের ৪০.০০.০০০০.০১৩.৯৯.০০১.২১-৮২ নম্বর স্মারকে জারিকৃত অফিস আদেশটি এ আদেশ দ্বারা বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/০১/২০২৩

(মনোয়ারা বেগম)
উপসচিব (বাজেট)
ফোন: ২২৩৩৫৫৫৭৯
section3@mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০১৩.৯৯.০০৪.২২-০৯ ২৫/০১/২০২৩ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২। মহাপরিচালক, মহাপরিচালক ৩, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৪। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৫। উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬। উপসচিব, বাজেট শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, পরিকল্পনা শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, প্রশাসন শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০। সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২। ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২৫/০১/২০২৩

(মনোয়ারা বেগম)
উপসচিব (বাজেট)